

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং-০২/মুসক/২০২৩ তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/ ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ টার্নওভার নির্বিশেষে নিবন্ধনের দিকনির্দেশনা সংক্রান্ত সাধারণ আদেশ নং-
১৭/মুসক/২০১৯, তারিখ: ১৭ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ এর সংশোধন।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৬ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ০২ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৭ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-১৭/মুসক/২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনূচ্ছেদ ১ এর-

- (ক) দফা (গ) এ উল্লিখিত “অবস্থান নির্বিশেষে সুপারশপ, শপিংমল ও টেবিল-৩ এর কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (Act IV of 1969) এর First Schedule এর শিরোনাম সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যের ব্যবসায়ী পর্যায়ের সরবরাহসহ যে সকল করযোগ্য পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যবসাস্থল জেলা শহর ও সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকায় অবস্থিত তাহাদেরকে,” এন্ড্রিসমূহের পরিবর্তে “অবস্থান নির্বিশেষে সুপারশপ, শপিংমল ও টেবিল-৩ এর কলাম (১) এ উল্লিখিত Customs Act, 1969 (Act IV of 1969) এর First Schedule এর শিরোনাম সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) বিপরীতে কলাম (৩) এ বর্ণিত পণ্যের ব্যবসায়ী পর্যায়ের সরবরাহের ক্ষেত্রে যে সকল প্রতিষ্ঠান জেলা শহর বা সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকায় অবস্থিত তাহাদেরকে,” এন্ড্রিসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) টেবিল-১ এর কলাম (১) এ উল্লিখিত-
- (অ) শিরোনাম সংখ্যা ৭৩.২০ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের প্রারম্ভে নিম্নরূপ শিরোনাম ও এন্ড্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“৭৩.২১ প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড Cooking Appliances”;

(আ) শিরোনামা সংখ্যা ৭৩.২০ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ড্রিসমূহের পর নিম্নরূপ শিরোনামা ও এন্ড্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

“৭৩.২৩ প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড Kitchen Appliances”;

২। এই আদেশ ১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী রেজাউল হাসান)
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)